গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: **২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ। |
| তারিখ ও সময় | : ১৫ নভেম্বর ২০২৩ খ্রি: ও বেলা ১১:০০ টা |
| স্থান | : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| আয়োজনে | : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, বর্তমান পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে উদ্ভাবনী চর্চার যথেষ্ট গুরুত্ব রয়েছে। নতুন নতুন উদ্ভাবনীর মাধ্যমে মানুষকে সহজে সেবা প্রদানের উপায় বের করতে হবে। তিনি আরো জানান যে, মন্ত্রিপরিষদ কর্তৃক প্রণীত বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ইনোভেশন টিমের কার্যপরিধি অনুসরণ করে যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলেন। সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিব সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. সভার আলোচ্য সূচি

ক) ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
খ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের কর্মপরিকল্পনা প্রণয়ন।
গ) বিবিধ

০৩. সভায় নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনার বিষয় | সুপারিশ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **ক) ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন অগ্রগতি :** সভায় স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর চলতি বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ :**<br>[১.১.১] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন: সভায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) জানান যে, অনুচ্ছেদ ১.১.১ অনুসারে আগামী ১৬.০৫.২০২৪ তারিখের মধ্যে একটি উদ্ভাবনী ধারণা সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। সভাপতি উদ্ভাবনী ধারণা সংগ্রহের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখায় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর এবং মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে বলেন। তিনি প্রাপ্ত উদ্ভাবনী ধারণা হতে বাস্তবায়নযোগ্য ধারণাটি বাছাই করে পরবর্তী সভায়/ ওয়ার্কশপের মাধ্যমে বাস্তবায়নের জন্য করনীয় পদক্ষেপ/রোডম্যাপ আলোচনা করা যেতে পারে মর্মে জানান। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের আইটি সেলকে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | ক) উদ্ভাবনী ধারণা সংগ্রহের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখায় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর এবং মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) বাস্তবায়নযোগ্য ধারণাটি বাছাই করে পরবর্তী সভায়/ওয়ার্কশপের মাধ্যমে বাস্তবায়নের জন্য করনীয় পদক্ষেপ/ রোডম্যাপ করা হবে।<br><br>গ) স্বাস্থ্য সেবা বিভাগের আইটি সেলকে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল শাখা অধিশাখা/ প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | [১.২.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা: সিনিয়র সচিব (প্রশাসন-৪) সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য সেবা বিভাগের ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত ৫টি সেবার মধ্যে ৩টি চালু রয়েছে। সফট্ওয়ারগত কারণে বন্ধ সেবা ২টি চালুর জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। ডাটাবেজ হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ঘ) ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখতে হবে।<br><br>ঙ) স্বাস্থ্য সেবা বিভাগের সফট্ওয়ারগত কারণে বন্ধ সেবা ২টি চালুর জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| | স্বাস্থ্য অধিদপ্তর জানায়, অনলাইনে পদোন্নতির আবেদন উদ্ভাবনী উদ্যোগটি গত অর্থবছরে গ্রহণ করা হয়েছিল। চলতি অর্থবছরে সিলেট মেন্টাল হেলথ কর্নার/এসো গল্প করি নামক একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং শুরু হয়েছে। এছাড়া ৯-৬ গ্রেড পর্যন্ত চিকিৎসক বদলির কার্যক্রম অনলাইনে করা হচ্ছে। সভাপতি ৯-৬ গ্রেড পর্যন্ত চিকিৎসক বদলির কার্যক্রম বিভাগীয় ও জেলা পর্যায়ে ক্ষমতায়নের মাধ্যমে করার উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন। | চ) স্বাস্থ্য অধিদপ্তরের ৯ম-৬ষ্ঠ গ্রেড পর্যন্ত চিকিৎসক বদলির কার্যক্রম বিভাগীয় ও জেলা পর্যায়ে ক্ষমতায়নের মাধ্যমে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| | ঔষধ প্রশাসন অধিদপ্তর জানায়, ঔষধের বিরূপ প্রতিক্রিয়া রিপোর্টিং, নকল ঔষধ এবং ঔষধের নির্ধারিত মূল্য যাচাই ও অভিযোগ দাখিলের জন্য ওয়েবপোর্টাল ও মোবাইল এ্যাপ্লিকেশনটি চলমন রয়েছে। তবে সফট্ওয়্যারটির আরো আপগ্রেডেশন করা প্রয়োজন। অনলাইনে ড্রাগ লাইসেন্স প্রদানের একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে উদ্যোগটির পাইলটিং চলছে। আগামী ডিসেম্বর/২৩ মাসে উদ্যোগটির আনুষ্ঠানিক বাস্তবায়ন শুরু হবে। | | |
| | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানায়, গত অর্থবছরে প্রজেক্ট মনিটরিং সফট্ওয়্যার উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে। সভাপতি চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশের বিনির্মিাণের অংশ হিসেবে ঠিকাদারদের লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পূর্ণ অনলাইনে করার উদ্যোগটি গ্রহণ করতে বলেন। | ছ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে ঠিকাদারদের লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পূর্ণ অনলাইনে করার উদ্যোগটি গ্রহণ করতে হবে। | |
| | নিমিউ এন্ড টিসি জানায়, গত অর্থবছরে ই-এ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে। | | |
| | টেমো জানায়, গতবছর স্মার্ট স্টক ম্যানেজমেন্ট সফট্ওয়্যার উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে। চলতি অর্থবছরে স্মার্ট ভিহাইকেল স্ক্যানিং উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। সভাপতি টেমোকে আরো স্মার্ট করে গড়ে তুলতে ওয়ার্কশপ ম্যানেজারকে উদ্যোগ গ্রহণ করতে বলেন। অফিস চত্বরকে শতভাগ কাজে লাগাতে হবে। অফিস কর্মঘন্টার পরবর্তী সময়ে বেসরকারি প্রতিষ্ঠানের গাড়ি মেরামতের মাধ্যমে বিকল্প আয়ের মাধ্যমে টেমোর আয় বৃদ্ধি করতে পারে। | জ) টেমোকে আরো স্মার্ট করে গড়ে তুলতে ওয়ার্কশপ ম্যানেজারকে উদ্যোগ গ্রহণ করতে বলেন। অফিস চত্বরকে শতভাগ কাজে লাগাতে হবে। অফিস কর্মঘন্টার পরবর্তী সময়ে বেসরকারি প্রতিষ্ঠানের গাড়ি মেরামতের মাধ্যমে বিকল্প আয়ের মাধ্যমে টেমোর আয় বৃদ্ধি করতে পারে। | |
| | ইডিসিএল জানায়, গত অর্থবছরে স্মার্ট ট্রেনিং রুম উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে। চলতি বছর স্মার্ট রিকুইজিশন সিস্টেম উদ্যোগটি গ্রহণ করা হবে। | | |
| | [১.৩] ইনোভেশন শোকেজিং : স্বাস্থ্য সেবা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে ২৩.০৫.২০২৪ তারিখের পূর্বে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজনপূর্বক শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করতে হবে মর্মে সভাকে অবগত করা হয়। সভাপতি কর্মপরিকল্পনার সূচক মোতাবেক নির্ধারিত সময়ের পূর্বে শোকেসিং আয়োজনের জন্য এখন থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলেন। | ঝ) কর্মপরিকল্পনার সূচক মোতাবেক নির্ধারিত সময়ের পূর্বে শোকেসিং আয়োজনের জন্য এখন থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি: ই-নথির ব্যবহার বৃদ্ধিকরণের বিষয়ে বিষদ আলোচনা করা হয়। সভাপতি কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলিংয়ে নথি নিষ্পত্তির হার ৮৫% করতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে বলেন। তিনি প্রমাপ অর্জনে ব্যর্থদের প্রয়োজনে কারণ দর্শানোর নোটিশ দিতে বলেন। এছাড়া, তিনি সকল অধিদপ্তর/দপ্তরের সাথে পৃথক পৃথক সভা করে ই-নথিতে নিষ্পত্তির হার বৃদ্ধির উপায় বের করতে নির্দেশনা প্রদান করেন।<br><br>[১.৫.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিতঃ চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ৪টি কর্মশালা আয়োজন করতে হবে। ইতোমধ্যে গত ২৬ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে ১ম কর্মশালার আয়োজন করা হয়েছে। আগামী ডিসেম্বর, ২০২৩ মাসে ২য় কর্মশালাটির আয়োজন করতে হবে।<br><br>[১.৫.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃতঃ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা ২৫.০৩.২০২৪ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) সভাকে জানান যে, এবিষয়ে একটি প্রাথমিক খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তিনি প্রাথমিক খসড়া পরিকল্পনাটি উপস্থাপন করে সভার সদস্যদের মতামত আহ্বান করেন। সভাপতি ইনোভেশন টিমের সদস্যদের মতামত সমন্বয় করে খসড়া কর্মপরিকল্পনাটি তৈরি করতে বলেন। তিনি খসড়াটি সচিব মহোদয়ের মতামত ও অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত করার পরামর্শ দেন এবং ওয়েবসাইটে আপলোড করতে বলেন। | ঞ) কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক ই-ফাইলিংয়ে নথি নিষ্পত্তির হার ৮৫% করতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরকে সচেষ্ট হতে হবে।<br><br>ট) প্রমাপ অর্জনে ব্যর্থদের কারণ দর্শানোর নোটিশ দিতে হবে।<br><br>ঠ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২য় কর্মশালাটি ডিসেম্বর, ২০২৩ মাসের মধ্যে আয়োজন করতে হবে।<br><br>ড) ইনোভেশন টিমের সদস্যদের মতামত সমন্বয় করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনাটির খসড়া সচিব মহোদয়ের মতামত ও অনুমোদন সাপেক্ষে চূড়ান্তকরণপূর্বক ২৫.০৩.২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | |
| ৩.২ | **[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি**<br>**[২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ ও [২.১.২]** আওতাধীন দপ্তর /সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণঃ<br>তথ্য বাতায়ন হালনাগাদকরণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়নের প্রতিবেদন তৈরি করতে এবং কোন তথ্য আপলোড করার সাথে সাথে স্ক্রিনশট নিতে বলেন। সেই সাথে তিনি বিভিন্ন সেবা বক্সের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট এবং আপিলকারী কর্তৃপক্ষের নাম, মোবাইল নং ও ই-মেইল এড্রেস হালনাগাদ করতে পরামর্শ দেন। এছাড়া, তিনি বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে বলেন।<br>সভাপতি তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ করার উপর জোর দেন। তিনি ওয়েবসাইটে তথ্য প্রকাশের জন্য একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে বলেন।<br><br>[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিতঃ সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তরকে ১৫ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে বলেন।<br><br>[২.২.২] আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত | ক) ত্রৈমাসিকভিত্তিতে তথ্য বাতায়নের প্রতিবেদন তৈরি এবং কোন তথ্য আপলোড করার সাথে সাথে স্ক্রিনশট নিতে হবে।<br>খ) সেবা বক্সের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট এবং আপিলকারী কর্তৃপক্ষের নাম, মোবাইল নং ও ই-মেইল এড্রেস হালনাগাদ করতে হবে।<br>গ) বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।<br>ঘ) ওয়েবসাইটে তথ্য প্রকাশের জন্য একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে হবে।<br><br>ঙ) স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ০৭.০১.২০২৪ তারিখের মধ্যে তাদের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রশাসন-৪ শাখায় প্রেরণ করবে।<br><br>ঘ) কর্মপরিকল্পনা মোতাবেক ২৮.০২.২০২৪ | প্রশাসন-৪/ কম্পিউটা সেল |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতঃ<br>সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে ০৭.০১.২০২৪ তারিখের মধ্যে তাদের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানান।<br><br>[২.২.৩] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন অনুষ্ঠিতঃ<br>সভাপতি কর্মপরিকল্পনা মোতাবেক ২৮.০২.২০২৪ তারিখের মধ্যে কর্মসংশ্লিষ্ট একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করতে নির্দেশনা প্রদান করেন। | তারিখের মধ্যে কর্মসংশ্লিষ্ট একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করতে হবে। | |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় গৃহিত সিদ্ধান্ত এবং করণীয় বিষয়গুলি যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৬.১২.২০২৩
(মোঃ সাইদুর রহমান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০২.২০- ৩০৬

তারিখ: ১২ ডিসেম্বর ২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা-কে ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. উপ-সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সিনিয়র সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮. লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৯৫৭৯৮৯
ই-মেইল:monitor@hsd.gov.bd